...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

**বিষয়ঃ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাই ও বাজেট প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৭/০৩/২০২৩ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | সভা কক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও ভার্চুয়াল (জুম অ্যাপ) |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন) জনাব রুজিনা সুলতানা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনার ক্রমিক ৩ ও ৪ আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্প প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

০২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রকল্পের শিরোনাম “নির্বাচিত মাদ্রাসাসমূহের স্কিল কার্যক্রম চালুকরণ”:
জুম অ্যাপের মাধ্যমে উপস্থিত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব জাহাঙ্গীর আলম তার দপ্তরের প্রকল্প প্রস্তাব উপস্থাপন করেন। উপস্থাপিত প্রকল্পের প্রস্তাবিত বাজেট দুই হাজার দুইশত ছাপ্পান্ন কোটি পঞ্চাশ লক্ষ টাকা। প্রকল্পের সময়কাল জুলাই ২০২৩-জুন ২০২৬। বিস্তারিত আলোচনান্তে ইনোভেশন খাতে বরাদ্দ সীমিত সম্পদ ও জনবলের মধ্যে প্রকল্প প্রস্তাব পেশ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। বিদ্যমান আরবি ও ইংরেজি শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণের জন্য সরকারি আলিয়া মাদ্রাসাসমূহকে সম্পৃক্ত করে প্রকল্প গ্রহণ করা যেতে পারে মর্মে আলোচনা হয়।

০৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড: কর্মমুখী, আধুনিক কারিকুলাম সংশ্লিষ্ট ও সুস্পষ্ট প্রস্তাব প্রেরণ করার জন্য বিস্তারিত আলোচনা হয়। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধি ও সার্ভেকরণের বিষয়ে আলোচনা হয়।

০৪। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড: Project on Work Readiness of TVET Graduates in the Context of Industry 4.0. প্রস্তাবিত প্রকল্পটি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। তবে এটি বাজেট বান্ধব ও কারিকুলাম সংশ্লিষ্ট না হওয়ায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধি ও সার্ভে করণের বিষয়ে পুনরায় সুনির্দিষ্ট প্রস্তাব প্রেরণ করার জন্য আলোচনা হয়।

০৫। জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার): ‘Building an Intelligent Virtual Assistant Chatbot to Provide Information to the Stakeholder’ প্রকল্পটি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবিত প্রকল্পটি সময়োপযোগী ও গ্রহণযোগ্য হওয়ায় সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়। প্রকল্পটির প্রস্তাবিত বাজেট আট লক্ষ যা নিজস্ব বাজেট থেকে খরচ করা সম্ভব মর্মে পরিচালক, নেকটার উল্লেখ করেন। প্রকল্পটি সমাপ্তির সময় ১৫ জুন ২০২৩।

০৬। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএটিটিআই): ‘৪র্থ শিল্প বিপ্লব পরিবেশে শিক্ষক প্রশিক্ষণ ব্যবস্থাপনা’ শীর্ষক প্রকল্প প্রস্তাবটি সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যাল্যালেঞ্জ মোকাবেলায় সুস্পষ্ট প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের প্রতি ব্যাচে 4IR সম্পর্কিত সেশন অন্তর্ভুক্ত করার প্রকল্প গ্রহণ করা যায় মর্মে আলোচনা হয়।

০৭। কারিগরি শিক্ষা অধিদপ্তর: প্রস্তাবিত প্রকল্প 'Capacity development of selected TVET institutes under the Directorate of Technical Education (DTE) for preparedness for the 4th industrial revolution'। প্রকল্পের সময়কাল জুলাই ২০২৩-জুন ২০২৬ এবং প্রস্তাবিত বাজেট ১২০০ কোটি। প্রস্তাবটি নিঃসন্দেহে ভালো। তবে প্রতিষ্ঠানের উদ্ভাবন খাতে বরাদ্দকৃত বাজেট সীমিত। আর্থিক বিষয়টি মাথায় রেখে সীমিত বাজেটের মধ্যে নতুন করে প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৮। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | দপ্তর/সংস্থা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | কারিগরি শিক্ষা অধিদপ্তর | উদ্ভাবন খাতে বরাদ্দকৃত বাজেটের বিষয়টি বিবেচনায় নিয়ে নতুন করে প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে; | কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ২ | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | বাজেট বিবেচনায় বৃহৎ প্রকল্প না নিয়ে বিদ্যমান আরবি ও ইংরেজি শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণের জন্য সরকারি আলিয়া মাদ্রাসাসমূহকে সম্পৃক্ত করার মাধ্যমে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে; | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর |
| ৩ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধি ও সার্ভে করণের বিষয়ে পুনরায় সুনির্দিষ্ট প্রকল্প গ্রহণ করতে হবে; | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড |
| ৪ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধি ও সার্ভে করণের বিষয়ে পুনরায় সুনির্দিষ্ট প্রকল্প গ্রহণ করতে হবে; | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড |
| ৫ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) | ৪র্থ শিল্প বিপ্লব সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিএমটিটিআই কর্তৃক পরিচালিত প্রশিক্ষণের প্রতি ব্যাচে 4IR সম্পর্কিত সেশন অন্তর্ভুক্ত করতে হবে; | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) |
| ৬ | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) | প্রস্তাবিত প্রকল্প সময়োপযোগী ও গ্রহণযোগ্য হওয়ায় সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়। প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার): |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং রমজানুল মোবারক জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০২.২০.৫৮

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯
২৮ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা।
৬) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৮) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

৯) উপসচিব (রাজস্ব বাজেট শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০) উপসচিব, কারিগরি-৪ শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১) উপসচিব, মাদ্রাসা-১ শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
১৩) অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), গাজীপুর।
১৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬) অফিস কপি।

বেগম রুজিনা সুলতানা
উপসচিব